

P.G. Semester-IV Examination, 2023**বাংলা****Course ID : 40154****Course Code : BNG/404/C****Course Title : পদাবলি সাহিত্য****বিশেষ পত্র : মধ্যযুগের বাংলা সাহিত্য**

সময় : ২ ঘন্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান নির্দেশক।

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

১। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) ভাষারীতি বিদ্যাপতির পদের সৌন্দর্য বৃদ্ধি করেছে ও বক্তব্যকে গতিদান করেছে — আলোচনা করো।

খ) “পিয়া বিনে পাঁজর বাঁঝার ভেলা।” — মাথুর-বিষয়ক এই পদে বিদ্যাপতির শ্রীরাধার মর্মভেদী যন্ত্রণা যেভাবে ফুটে উঠেছে, তা বিশ্লেষণ করো।

২। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) চণ্ডীদাস বিরহের কবি, তাঁর পূর্বরাগ ও আক্ষেপানুরাগ একসূত্রে গাঁথা—বক্তব্যটি বিশ্লেষণ করো।

খ) “চণ্ডীদাস কয় নব পরিচয়

কালিয়া বাঁধুর সনে।।” — পাঠ্য পদটিতে নব পরিচয়ের যে অভিজ্ঞান ফুটে উঠেছে তা বিশদে আলোচনা করো।

৩। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০×১=১০

ক) অভিসার পর্যায়ে পদ রচনায় গোবিন্দ দাসের কৃতিত্বের কারণগুলি পাঠ্যপদ অবলম্বনে বিশ্লেষণ করো।

খ) কবি-স্বভাবের দিক থেকে চণ্ডীদাস ও তাঁর ভাবশিষ্য জ্ঞানদাসের তুলনামূলক আলোচনা করো (পাঠ্যপদ অবলম্বনে)

৪। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০

ক) “কি কহব রে সখি আনন্দ ওর।” — পদটিতে শ্রীরাধার মিলনানন্দ যেভাবে ব্যক্ত হয়েছে, তার পরিচয় দাও।

খ) “কালজল ঢালিতে সেই কালা পড়ে মনে।” — পদটিতে স্মরণোপমা অলঙ্কারের প্রায়োগিক গুরুত্ব নির্দেশ করো।

গ) “মরকত দরপন বরণ উজোর” — পদটির অন্তর্নিহিত তত্ত্বগত দিকটি স্পষ্ট করো।

ঘ) জ্ঞানদাস একটি পদে শ্রীরাধার কৃষ্ণপ্রেমের স্বরূপ বোঝাতে ‘হাম’ শব্দটি ব্যবহার করেছেন, তদনুসারে তার কৃষ্ণপ্রেমের প্রকৃতি সংক্ষেপে লেখো।